দৈনিক ইত্তেফাক C43

তারিখ 30 AUG 1987
পৃষ্ঠা 1 কলাম 6

# সেপ্টেম্বরের শেষ সপ্তাহে ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিবে

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

গতকাল (শনিবার) ভাইস চ্যান্সেলার অধ্যাপক আবদু[illegible] মান্নানের সভাপতিত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় সিণ্ডিকেটের এক সভা অনুষ্ঠিত হয়। সিণ্ডিকেটের সভায়

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## বিশ্ববিদ্যালয় খুলিবে

(১ম পৃঃ পর)

বলা হয়, গত ১৫ই জুলাই একটি অত্যন্ত অস্বাভাবিক ও দুঃখজনক পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করিয়া দিতে হয়। এই প্রেক্ষিতে হাজার হাজার ছাত্র-ছাত্রীর ভবিষ্যৎ অনিশ্চয়তার মধ্যে পতিত হইয়াছে।

সিণ্ডিকেটের সভায় সেপ্টেম্বরের শেষ সপ্তাহে ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার প্রস্তাব করিয়া বলা হয়, খোলার আগে বিশ্ববিদ্যালয়কে অস্ত্রমুক্ত করা এবং শান্তি-শৃংখলা নিশ্চিত করা আবশ্যক।